



# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৬-০০৪৪৭৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web: <https://bu.ac.bd>, e-mail: [registrar@bu.ac.bd](mailto:registrar@bu.ac.bd)



স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ভলি-২/১৪০/২০২০/৩০৩৮

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

### নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ এবং বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০২৩ (২২ ফেব্রুয়ারি) ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

#### ২১ ফেব্রুয়ারি ২০২৩

- ১। সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা ও কালো পতাকা উত্তোলন।
- ২। সকাল ৯:০০ টায়- উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ক্যাম্পাস ও ক্যাম্পাস সংলগ্ন সড়কে প্রভাত ফেরি।
- ৩। সকাল ৯:৩০ টায়- বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ। বিভাগ ও হলসমূহ নিজস্ব তত্ত্বাবধানে ১০"X ৩" ব্যানারসহ প্রভাত ফেরিতে অংশগ্রহণ এবং পুষ্পস্তবক অর্পণ।
- ৪। বেলা ১১:০০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক কীর্তনখোলা হলে আলোচনা সভা।

#### ২২ ফেব্রুয়ারি ২০২৩

- ১। সকাল ১০:০০ টায়- জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন। এরপর বেলুন/ফেস্টুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন।
- ২। সকাল ১০:২০ টায়- বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।
- ৩। সকাল ১০:৪০ টায় বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিয়ে আনন্দ র্যালি এবং এই র্যালিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যানারের সাথে সকল বিভাগ ও হলের নিজস্ব ব্যবস্থাপনায় ব্যানার, ফেস্টুন থাকতে পারে।
- ৪। বেলা ১১:০০ টায় ২০২১-২২ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের বরণ ও আলোচনা সভা।
- ৫। দুপুর ১:৩০ টায় বিভাগসমূহের নিজস্ব ব্যবস্থাপনায় নবীন শিক্ষার্থীদের মধ্যাহ্নভোজ।
- ৬। বিকাল ৪:০০ টায় মুক্তক্ষেত্র সাংস্কৃতিক অনুষ্ঠান।

উল্লিখিত কর্মসূচিতে সকলকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। তবে উল্লেখ্য যে, ২১/০২/২০২২ তারিখ কাজ নেই মজুরি নেই ভিত্তিক কর্মচারীদের কর্মস্থলে উপস্থিত হতে হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। প্রভোস্ট, সকল হল, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট হলের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। অস্ট্র, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
- ৫। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৬। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৭। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৮। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। নোটিস বোর্ডসমূহ।
- ১০। সংশ্লিষ্ট নথি/মহানথি।